

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.০১.০০২.১৬-৫৩

তারিখ: ০৭.১২.২০১৬ খ্রিঃ

১) জেলা মৎস্য কর্মকর্তা

..... ।

২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা


..... ।

**বিষয়ঃ** ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগের আর্থিক ব্যবস্থাপনার জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংশ এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পাধীন জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের আর্থিক লেনদেন পরিচালনার জন্য স্থানীয় জনতা ব্যাংক শাখায় “এনএটিপি-২-মৎস্য অধিদপ্তর-পিএ-সংশ্লিষ্ট জেলা/উপজেলার নাম” শিরোনামে একটি চলতি হিসাব খোলা প্রয়োজন। সংশ্লিষ্ট উপজেলায় জনতা ব্যাংকের শাখা না থাকলে নিকটবর্তী জনতা ব্যাংকের শাখায় উক্ত হিসাব খুলতে হবে। উল্লেখ্য যে, বর্ণিত চলতি হিসাবটি সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তার একক স্বাক্ষরে পরিচালিত হবে।

এমতাবস্থায় জরুরী ভিত্তিতে বর্ণিত ব্যাংক হিসাব দু’টি খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে ব্যাংক শাখার নাম ও হিসাব নম্বর অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

**বিষয়টি অতীব জরুরী**



(খঃ মাহবুবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ফোন: ০২- ৯৫৬১৬৮৫


ই-মেইল: [kmahbubh252@yahoo.com](mailto:kmahbubh252@yahoo.com)

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.০১.০০২.১৬-৫৩

তারিখ: ০৭.১২.২০১৬ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

- (১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- (২) প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি, খামারবাড়ি, ঢাকা।
- (৩) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/রাজশাহী বিভাগ/ খুলনা বিভাগ/সিলেট বিভাগ/বরিশাল বিভাগ/রংপুর বিভাগ/ ময়মনসিংহ বিভাগ।
- (৪) মহাব্যবস্থাপক, জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা (সংশ্লিষ্ট শাখায় হিসাব খোলার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- (৫) ব্যবস্থাপক, জনতা ব্যাংক..... শাখা,..... ।



পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট